গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.legislativediv.gov.bd

**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ই-নথি সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ই-নথি সংক্রান্ত জটিলতা/সমস্যা নিরসনের নিমিত্ত অদ্য ২২-০৬-২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ০২.৩০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (কক্ষ নং-৬২৮, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের উপস্থিতি **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ বিভাগের যুগ্মসচিব (ড্রা:) জনাব মো: রফিকুল হাসানকে আহ্বান জানান। জনাব মো: রফিকুল হাসান এ বিভাগের ই-নথির বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য উপস্থাপন করতে গিয়ে সভাকে জানান যে, এ বিভাগ কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, Rules of Business, 1996 ও সচিবালয় নির্দেশমালা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রেরিত আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, চুক্তি, প্রজ্ঞাপন এবং আইনের মর্যাদাসম্পন্ন অন্যান্য দলিলের খসড়া প্রস্তুত/ভেটিং বা উহাদের উপর মতামত প্রদান করা হয়। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত উক্ত নথিসমূহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রেরণ করা হয় না, বরং সকল বিষয় হার্ড ফাইলে প্রেরণ করা হয়ে থাকে। হার্ড ফাইলে প্রেরিত নথি এ বিভাগ কর্তৃক ই-নথিতে করার সুযোগ নেই। কিন্তু বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যসম্পাদন মূল্যায়নের ক্ষেত্রে এ বিভাগের কার্যক্রম সঠিকভাবে মূল্যায়িত হচ্ছে না। বিষয়টি নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে কয়েকদফা আলোচনা করেও কোন সমাধান পাওয়া যায়নি। বরং মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিষয়টির বাস্তবতা উপলব্ধি করে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথা এটুআই প্রকল্পের সাথে আলোচনা করার পরামর্শ দেয়া হয়। সেকারণে এ বিভাগের হার্ড ফাইল ও ই-নথি সংক্রান্ত বিদ্যমান সমস্যা নিরসনে করণীয় সম্পর্কে আলোচনা করার জন্য সভায় উপস্থিত সদস্যদেরকে আহ্বান জানান।

৩। আলোচনার এ পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান খাঁন সভাকে অবহিত করেন যে, বিদ্যমান ই-নথি ব্যবস্থায় সফট্ওয়ারজনিত সমস্যার কারণে লেজিসলেটিভ বিভাগের ই-নথি কার্যক্রমের সঠিক তথ্য প্রদর্শিত হচ্ছে না।

Scanned with CamScanner

৪। সভায় এটুআই এর ন্যাশনাল কনসালটেন্ট জনাব মোহাম্মদ সালাহউদ্দিন, সভায় প্রদত্ত সকলের বক্তব্যের সাথে একমত পোষণ করে বিষয়টি নিয়ে সাময়িক ব্যবস্থা হিসেবে এটুআই হতে টেকনিক্যাল প্রতিনিধি প্রেরণের আশ্বাস প্রদান করেন এবং এ বিভাগের হার্ড ফাইলে নিস্পত্তিকৃত কার্যক্রমের সঠিক মূল্যায়নের লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তিনি এ বিষয়ে এটুআই কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পৃথক ও বিশেষায়িত কোন ব্যবস্থা প্রবর্তন করা যায় কিনা সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

৫। সভায় আলোচনাকালে উপসচিব জনাব এস,এম,শাফায়েত হোসেন জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-নথিতে নোট নিষ্পত্তি করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু এ বিভাগে প্রশাসনিক নথি ব্যতিত অন্য সকল নথি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে হার্ড ফাইলে প্রেরণ করা হয় বিধায় নোটসমূহ ই-নথিতে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। ফলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এ বিভাগের ই-নথি সংক্রান্ত কার্যক্রম সঠিকভাবে মূল্যায়ন হচ্ছে না। বিষয়টির কারিগরী ত্রুটি দূর করার লক্ষ্যে আশু ব্যবস্থা হিসেবে কেবল ড্রাফটিং সংক্রান্ত নথি নিষ্পত্তিকারী কর্মকর্তাদের ই-নথির বিদ্যমান তালিকা হতে বিযুক্ত করে প্রশাসনিক শাখাসমূহকে ই-নথি তালিকায় রাখার প্রস্তাব করেন।

৬। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, এ বিভাগ উহার কাজের প্রকৃতি অনুযায়ী রাষ্ট্রীয় গোপনীয় বিভিন্ন চুক্তি/দলিল/নথিসহ সরকারের নীতি নির্ধারণী নথিসমূহ নিষ্পত্তি করে থাকে, যার বেশিরভাগই "ক" শ্রেণির নথি। সেকারণে রাষ্ট্রীয় নথির নিরাপত্তা ও গোপনীয় রক্ষার্থে এ জাতীয় নথি ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা যুক্তিযুক্ত হবে কিনা সে বিষয়টি বিবেচনা প্রয়োজন। সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, লেজিসলেটিভ বিভাগের কাজ হচ্ছে টেকনিক্যাল ও বিশেষায়িত প্রকৃতির সুতরাং জেনারেল সিস্টেম দিয়ে এ বিভাগের কাজের মূল্যায়ন সঠিকভাবে করা সম্ভব নয়। তিনি এ পর্যায়ে এ বিভাগের বিভিন্ন কার্যক্রমের গুরুত্ব, কাজের আর্জেন্সি উল্লেখ করে বিষয়টি নিয়ে একটি পৃথক নথি ব্যবস্থাপনা ও মূল্যায়ন ব্যবস্থা প্রবর্তনের প্রস্তাব করেন এবং বিষয়টি নিয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধির প্রতি আহ্বান জানান। তিনি বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে জানান যে, এ বিভাগ এত পরিমাণ নথি নিষ্পত্তি করেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উহা সঠিকভাবে মূল্যায়ন পাচ্ছে না।

Scanned with CamScanner

৭। সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিতি সকলের ঐক্যমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:–

(ক) এটুআই এর টেকনিক্যাল প্রতিনিধিগণ আগামী ২৩-০৬-২০২১ তারিখ হতে লেজিসলেটিভ বিভাগের বিভিন্ন শাখা পরিদর্শনপূর্বক ই-নথি সংক্রান্ত তথ্য সংগ্রহ করবেন এবং সমস্যাসমূহ চিহ্নিতক্রমে উহা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) এটুআই এর একজন কর্মকর্তাকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের জন্য ফোকাল পয়েন্ট মনোনীত করতে হবে, যিনি এ বিভাগের ই-নথি সংক্রান্ত সমস্যার সমাধানে প্রয়োজনীয় সহায়তা/সহযোগিতা করবেন;

(গ) বতর্মানে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ই-নথি সংক্রান্ত বর্তমান সমস্যা সমাধানের লক্ষ্যে স্বল্প মেয়াদী যে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন এটুআই সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

(ঘ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক হার্ড ফাইলে কৃত কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যথাযথভাবে মূল্যায়ন করা যায় কিনা সে বিষয়ে ৩০ জুনের মধ্যে উদ্যোগ গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করা হবে। প্রয়োজনে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ই-নথি সংক্রান্ত বিদ্যমান সমস্যা ও সমাধানের উদ্যোগের বিষয়টি এটুআই কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে; এবং

(ঙ) বিশেষায়িত ও টেকনিক্যালধর্মী কাজ সম্পাদনকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য একটি বিশেষায়িত ও পৃথক ই-নথি সিস্টেম (সফটওয়্যার) প্রবর্তনের লক্ষ্যে এটুআই কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

৮. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/6/2021

(মো: মইনুল কবির)
সচিব

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ই-নথি সংক্রান্ত সভা প্রসঙ্গে।**

সভাপতি: সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ২২ জুন, ২০২১ খ্রিস্টাব্দ, মঙ্গলবার, ২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | টেলিফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মোঃ রফিকুল হাসান যুগ্মসচিব | LPAD | 01751993702 | |
| ২। | হাফিজ আহমেদ চৌধুরী যুগ্ম-সচিব, LPAD | LPAD | 01552315268 hafizchowdhury@yahoo.com | |
| ৩। | মোঃ ওয়াদুদ হোসেন যুগ্ম সচিব / LPAD | LPAD | 01718219697 mdwadud65@gmail.com | |
| ৪। | মোহাম্মদ [illegible] সিনিয়র সিস্টেম এনালিস্ট মন্ত্রিপরিষদ | মন্ত্রিপরিষদ বিভাগ | [illegible] sa-ict@cabinet.gov.bd | |
| ৫। | মোহাম্মদ জিয়া উদ্দীন সিস্টেম এনালিস্ট | LPAD | 01749699421 zia_marouf@yahoo.com | |
| ৬। | মোঃ মুনিরুজ্জামান উপসচিব (ড্রাফটিং, [illegible]) | LPAD | 9570652 | |
| ৭। | মোহাম্মদ সালাহউদ্দিন উপসচিব, ন্যাশনাল কনসালটেন্ট a2i | a2i | 01712582644 salahuddin1591@gmail.com | |
| ৮। | এস, এম, শাফায়েত হোসেন উপসচিব | LPAD | 01711264157 shafaet.hossen@yahoo.com | |
| ৯। | মোঃ [illegible] সুমন সহকারী সচিব, | LPAD | 01814371338 babusumon@gmail.com | |
| ১০। | | | | |

Scanned with CamScanner